

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৭ মার্চ, ২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৭/০৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আক্তারুজ্জামান এর নেতৃত্বে "জয় গোপাল দধি এন্ড মিষ্টান্ন ভান্ডার" মাস্টারপাড়া, সদর, ফেনিতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটি তাদের যথাযথ ট্রেড লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ, ফায়ার লাইসেন্স, পেস্ট কন্ট্রোল এর প্রমাণক এবং পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। ফ্রিজে প্রচুর পরিমাণে লেবেল বিহীন দধি এবং মিষ্টি মজুদ করতে দেখা যায়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে "জয় গোপাল দধি এন্ড মিষ্টান্ন ভান্ডার" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা নিরাপদ খাদ্য অফিসার মুহাম্মদ শামসুল আরেফিন (ফেনী); জেলা নিরাপদ খাদ্য পরিদর্শক মো: নুরুল করিম (ফেনী) ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ফেনী পুলিশ সুপার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

(মোঃ আখতার মামুন)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: [director.enforcement@bfsa.gov.bd](mailto:director.enforcement@bfsa.gov.bd)

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।